মেহেরপুরের গাংনীতে ট্রান্সফর্মার চোর আটক

মেহেরপুরের গাংনীতে ট্রান্সফর্মার চোর আটক করেছে গাংনী থানা পুলিশ। গতকাল শনিবার দুপুরের দিকে হারেজ মালিথা আটক করে গাংনী থানা পুলিশ। তার দেওয়া তথ্য অনুযায়ী আরও চার জন কে আটক করা হয়।

আটককৃতরা হলেন, কুষ্টিয়া জেলার বড় বাজার এলাকার ঘোড়া ঘাট এলাকার মৃত চাঁদ মালিথার ছেলে হারেজ মালিথা(৫২), ত্রিমোহনী এলাকার মৃত রওশন শেখের ছেলে নুর ইসলাম(৬০), ভেড়ামারার মো: ভাদু মেথের ছেলে মো: আব্দুল শেখ(৪৫), হরিপুরের মৃত ছামসুদ্দিন ইসলামের ছেলে আনারুল ইসলাম(৩৬), দৌলতপুরের লক্ষী খোলার মৃত আজির উদ্দিনের ছেলে মজির উদ্দিন(৫০)।

আটককৃতদের কাছ থেকে বিপুল পরিমাণ চুরিকৃত ট্রান্সফর্মারের কয়েল উদ্ধার করা হয়। যার আনুমানিক মূল্য তিন লক্ষ টাকা।

গাংনী থানার ওসি ওবায়দুর রহমান জানান, গোপন সংবাদের ভৃত্তিতে বিশেষ এক অভিযানে ট্রান্সফর্মার চোরের মূল হোতা হারেজ কে আটক করা হয়। পরে তার দেওয়া তথ্যের ভিত্তিতে বাকিদের আটক করতে সক্ষম হন গাংনী থানা পুলিশ।

তিনি আরও জানান, হারেজ উদ্দিন দীর্ঘ ২৫ বছর ধরে ট্রান্সফর্মার চুরির সাথে জড়িত। তার বিরুদ্ধে একাধিক মামলাও আছে। তারা অভিনব কায়দায় ট্রান্সফর্মার চুরি করে, তারের কয়েল গুরো আলাদা করে সবজির গাড়িতে করে বিভিন্ন স্থানে পাঠাত।

আটককৃতদের বিরুদ্ধে মামলা দায়ের করে কোর্টে পাঠানো হবে।